

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ  
বিএসএল অফিস কমপ্লেক্স  
ভবন-২ (লেভেল- ৪, ৫, ৬)  
১১৯ কাজী নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০।

তারিখ: ২৩ অক্টোবর, ২০২২খ্রি.


## প্রেস বিজ্ঞপ্তি

আজ ২৩/১০/২০২২ খ্রিস্টাব্দ তারিখ রোজ রবিবার বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট জনাব উস্মে সালিক রুমাইয়া এর নেতৃত্বে "কামরুল রেস্টুরেন্ট এন্ড কনভেনশন সেন্টার" উত্তর বাড্ডা-ঢাকাতে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়।

অভিযানকালে প্রতিষ্ঠানটির রান্নাঘরে ও স্টোরে ব্যবহৃত/মজুদকৃত বেশকিছু খাদ্যপণ্যে যথাযথ লেবেলিং করতে দেখা যায়নি। এ সকল অপরাধে "কামরুল রেস্টুরেন্ট এন্ড কনভেনশন সেন্টার" কর্তৃপক্ষকে নিরাপদ খাদ্য আইন ২০১৩ এর বিধান অনুযায়ী ২,০০,০০০/- (দুই লক্ষ টাকা) অর্থদণ্ড প্রদান অনাদায়ে ব্যবস্থাপককে ৩ মাসের বিনাপ্রম কারাদণ্ড প্রদান করা হয়। ব্যবস্থাপক তার অপরাধ স্বীকারপূর্বক অর্থদণ্ডের সমুদয় টাকা তাৎক্ষণিকভাবে পরিশোধ করেন।

"কামরুল রেস্টুরেন্ট এন্ড কনভেনশন সেন্টার" কর্তৃপক্ষকে খাদ্যদ্রব্য উৎপাদন, সংরক্ষণ, প্রক্রিয়াকরণ, মজুদ ও বিক্রয়ে নিরাপদ খাদ্য আইনের সংশ্লিষ্ট বিধি অনুযায়ী পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখা, খাদ্য সংরক্ষণ ও ভোক্তাদের স্বাস্থ্য ঝুঁকি এড়াতে নিয়ম মানতে নির্দেশনা দেয়া হয় এবং নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে করণীয় সম্পর্কে দিকনির্দেশনা সংবলিত পোস্টার প্রদান করা হয়। "কামরুল রেস্টুরেন্ট এন্ড কনভেনশন সেন্টার" কর্তৃপক্ষও নির্দেশনা মেনে চলবেন বলে অঙ্গীকার করেন।

অভিযানকালে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের নিরাপদ খাদ্য পরিদর্শক আব্দুস সালাম মূধা; বাংলাদেশ নিরাপদ খাদ্যের অন্যান্য সাপোর্ট স্টাফ এবং ব্যাটেলিয়ন আনসার সদস্যবৃন্দের একটি চৌকস টিম উপস্থিত ছিলেন।



(ড. সহদেব চন্দ্র সাহা)

পরিচালক (উপসচিব)

খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ

ই-মেইল: director.enforcement@bfsa.gov.bd

ফোনঃ ২২২২২৩৪৮১

### বিতরণঃ

১। সদস্য (আইন ও নীতি), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।

২। সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।

৩। পরিচালক, খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।

৪। পিএস টু চেয়ারম্যান, (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।

৫। সহকারী পরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৬। অফিস কপি।